

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৬০৪

আগরতলা ,২৫ অক্টোবর, ২০২৪

লালছড়া ও কৃষ্ণপুর উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে টি-শ্বি ক্যাম্প

উত্তর জেলার উপাখালি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের অধীন লাটুগাঁও আয়ুর্ভান আরোগ্য মন্দিরের অন্তর্গত লালছড়া উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে গত ২৩ অক্টোবর টি-শ্বি ক্যাম্প অনুষ্ঠিত হয়। এই বিদ্যালয়ের মোট ৫০ জন ছাত্র-ছাত্রীর রক্তে হিমোগ্লোবিন পরীক্ষা করা হয়। এর মধ্যে ছাত্রী ছিল ২৭ জন ও ছাত্র ছিল ২৩ জন। কমিউনিটি হেলথ অফিসার অর্পিতা দে ডায়েরিয়া, ম্যালেরিয়া, যক্ষ্মা রোগ, তার লক্ষণ, প্রতিকার ও প্রতিরোধের উপায়, ওষুধযুক্ত মশারী ব্যবহারের প্রয়োজনীয়তা, টিকাকরণের গুরুত্ব, প্রোটিন, ক্যালসিয়াম, কার্বোহাইড্রেট, জিংক, আয়োডিন, আয়রন সমৃদ্ধ খাবার সহ বিভিন্ন স্বাস্থ্য বিষয়ক সচেতনতামূলক আলোচনা করেন। এছাড়াও এমপিএস বিশ্বজিৎ মল্লিক স্বাস্থ্য পরীক্ষার পাশাপাশি বিভিন্ন স্বাস্থ্য সচেতনতা নিয়ে আলোচনা করেন। এই শিবিরে আশাকর্মী রিজা দেব এবং স্কুলের শিক্ষক-শিক্ষিকাগণ উপস্থিত ছিলেন।

পাশাপাশি একই দিনে উপাখালি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের অধীন কৃষ্ণপুর উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে টি-শ্বি ক্যাম্প অনুষ্ঠিত হয়। এই বিদ্যালয়ের মোট ৭৬ জন ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করেন। তাদের স্ক্রিনিং এবং হিমোগ্লোবিন পরিমাপ করা হয়। স্ক্রিনিং এর পাশাপাশি বয়ঃসন্ধিকালীন স্বাস্থ্য বিষয়ক বিভিন্ন সচেতনতামূলক আলোচনা করেন কমিউনিটি হেলথ অফিসার সাগর সরকার। এছাড়াও উক্ত কর্মসূচিতে উপস্থিত ছিলেন এমপিডব্লিউ অনিমেষ দাস, আশাকর্মী রুবি পাল, শিল্পী রাণী নাথ সহ বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাগণ। পরিবার কল্যান ও রোগ প্রতিরোধক দপ্তরের অধিকর্তা এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।
